

মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা- এক নজরে

উপপরিচালকের কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের নাম, পদবী ও মোবাইল নম্বরঃ

ক্রঃ নং	নাম	পদবী	মোবাইল নম্বর	e - MAIL	
১	এ.কে. এম শফিউল আযম	উপপরিচালক (চঃ দাঃ)	০১৭১১৪৪৮৮৬০	Facebook: DWA Satkhira dwaosatkira@yahoo.com	
২	ফাতেমা জোহরা	প্রোগ্রাম অফিসার	০১৭১৬৮০১৩৪৫		
৩	সুলতানা রাজিয়া	অফিস সহকারী-কাম- কম্পিউটার-অপারেটর	০১৯১৫৮২৮৫০০, ০১৭১২৭১০১৯৩		
৪	মোঃ জাহাঙ্গীর হোসেন হাওলাদার	অফিস সহায়ক	০১৭৭১৩২৩৫৭৩		
৫	মোছাঃ রোজিনা খাতুন	অফিস সহায়ক	০১৭৩৩০৯২৫৭৯		
‘জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণের’ প্রশিক্ষক বৃন্দ					
৬	মোঃ জাকির হোসেন	ট্রেড প্রশিক্ষক (মোবাইল সার্ভিসিং)	০১৯১২০০৭৮৯৩		
৭	আব্দুল্লাহ আল মামুন	ট্রেড প্রশিক্ষক (কম্পিউটার)	০১৯১৫৫১২৮৯২		
৮	লুৎফুননাহার বিখী	ট্রেড প্রশিক্ষক (শো-পিচ)	০১৭১৬১৫০৯৬৭		
৯	নূরীয়া নাজনীন	ট্রেড প্রশিক্ষক (কাগজের প্যাকেট তৈরী)	০১৯৫৪৬৪৪১৮২		
১০	তাছরিনা খাতুন	ট্রেড প্রশিক্ষক (বিউটিফিকেশন)	০১৯৩৪৮০৩০৫৩		
১১	করবী সুলতানা	ফিল্ড সুপারভাইজার, কিশোর-কিশোরী ক্লাব	০১৭৪২৫৪৩০৪০		
১২	মোঃ আজিবুর রহমান	ফিল্ড সুপারভাইজার, কিশোর-কিশোরী ক্লাব	০১৯২৯০৩৯৭০৭		

মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রমঃ

- বিভিন্ন ধরনের আয়বর্ধক বৃত্তিমূলক ও ব্যবহারিক প্রশিক্ষণের মাধ্যমে মহিলাদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা। জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচীর সময়োপযোগী ৫টি ট্রেড যথা- বিউটিফিকেশন, মোবাইল সার্ভিসিং, শো পিচ তৈরী, কাগজের প্যাকেট, কম্পিউটার ও দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ দেওয়া হয়। দৈনিক ১০০/- (একশত) টাকা হাজিরার ভিত্তিতে দুস্থ, মেধাবী, শিক্ষিত ও স্বল্পশিক্ষিত মহিলাদের প্রশিক্ষণ সম্পূর্ণ ফ্রিতে প্রদান করা হয়। আসন সংখ্যা ১০০ (একশত)টি। কোর্সের মেয়াদ ৩ মাস।
- ভিজিডি কর্মসূচীর আওতায় দরিদ্র সীমার নিচে বসবাসকারী মহিলাদের খাদ্য নিরাপত্তাসহ প্রশিক্ষণ প্রদান ও আয়বর্ধক কর্মসূচীতে তাদের জড়িতকরণ। এই কার্যক্রমের অধীনে ২১০১১ জন ভিজিডি কার্যধারী মহিলাদেরকে ২ বছর মেয়াদে ৩০ কেজি প্যাকেটজাত বস্তায় খাদ্য ও আর্থিক সুবিধা প্রদান করা হয়। আয়বর্ধক সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয় ও ভিজিডি চক্র শেষে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের ঋণ সুবিধা প্রদান করা হয়।
- দরিদ্র মার জন্য মাতৃকালীন ভাতা কর্মসূচীর অধীনে গ্রামের দরিদ্র গর্ভবতী মায়েদের মাসিক ৮০০/- টাকা হারে ০৩ বছরে মেয়াদে ১২০৯০ জনকে মাতৃকালীন ভাতা প্রদান করা হয়। এছাড়া মা ও শিশুর স্বাস্থ্য সুবক্ষায় প্রশিক্ষণ প্রদান করা হয়।

- ক্ষুদ্র ঋন কার্যক্রমের আওতায় দুস্থ, অসহায় ও প্রশিক্ষিত নারীদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋন প্রদান করা। এ কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন কর্মসূচীর আওতায় ৫০০০ হতে ১৫০০০/- টাকা পর্যন্ত সহজ শর্তে ঋণ প্রদান করা হয়। ঋণ গ্রহীতার মূল টাকার সংগে শুধু মাত্র ৫% হারে সার্ভিস চার্জ গ্রহণ করা হয়।
- কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় সাতক্ষীরা পৌরসভায় ০৯টি ওয়ার্ডে ১২০০ জন উপকারভোগীকে ৩ বছর মেয়াদে ৮০০/- টাকা করে ভাতা প্রদান করা হয়।
- মহিলা ও শিশুদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত নারী নির্যাতন প্রতিরোধ কমিটি স্থানীয় ভাবে নারী ও শিশু নির্যাতনমূলক অভিযোগের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণের ব্যবস্থা করে থাকে।
- উন্নয়ন কর্মসূচীতে আরো ব্যাপৃত এবং মহিলা জনগোষ্ঠীর মধ্যে সম্প্রসারণ করার লক্ষ্যে স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন সমূহের নিবন্ধন প্রদান করা।
- মহিলাদের আত্মকর্মসংস্থান ও উন্নয়নের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরে নিবন্ধিত সক্রিয় মহিলা সংগঠন সমূহকে আবেদনের ভিত্তিতে বছরে একবার ১০০০০/- টাকা থেকে ২৫০০০/- টাকা পর্যন্ত আর্থিক অনুদান দেয়া হয়। এ সকল সমিতির আয়বর্ধক কার্যক্রমের ধরন ও যোগ্যতা অনুসারে অনুদানের পরিমাণ নির্ধারিত সমিতিকে ৪০০০০/- টাকা বিশেষ অনুদান প্রদান করা হয়।
- নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আয়নে বিভিন্ন জন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ যেমন জাগরনী পদযাত্রা, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ, জন্ম নিবন্ধন ও বিবাহ নিবন্ধনে উদ্বুদ্ধকরণ, এইচ আই ভি এইডস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিসহ নারী অধিকার রক্ষায় CEDAW সনদ বাস্তবায়ন সহ বিভিন্ন দিবস পালন করা হয়। এছাড়া মহিলা উন্নয়ন সমন্বয় সভা সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা, নিয়মিত প্রতিবেদন প্রস্তুত ও বিতরণ করা। আন্তর্জাতিক বিভিন্ন সভার জন্য চাহিত তথ্যাদি প্রস্তুত ও বিতরণ।
- কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এর আওতায় সাতক্ষীরা জেলার ২টি পৌরসভা সহ ৭৮টি ইউনিয়নে ক্লাব স্থাপন করা হয়েছে। প্রতিটি ক্লাবে একজন সংগীত শিক্ষক, একজন আবৃত্তি শিক্ষক এবং ৩০ জন করে ছাত্র-ছাত্রী সদস্য হিসেবে আছে। প্রতি শুক্র ও শনিবার তাদের ক্লাস হয়।
- কিশোরী স্বাস্থ্য সুরক্ষায় নারীর অর্থনৈতিক ক্ষমতা সৃষ্টিতে স্যানিটারী ন্যাপকিন ও টাওয়েল প্রস্তুতকরণ, বিতরণ কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে সাতক্ষীরা জেলার সদর ও দেবহাটা উপজেলার ২টি করে ৪টি স্কুলে ৪০০ জন ছাত্রীর মাঝে স্যানিটারী ন্যাপকিন বিতরণ সহ কার্যক্রম চালু।

পালিত বিভিন্ন দিবস সমূহ- (১) ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস (২) ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্ম দিবস উপলবে জাতীয় শিশু দিবস (৩) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলবে মহিলাদের আলোচনা ও ক্রীড়া অনুষ্ঠান (৪) ১৪ মে বিশ্ব মা দিবস (৫) ১৩ অক্টোবর জাতীয় কন্যা শিশু দিবস (৬) ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস (৭) ১২ অক্টোবর বাল্য বিবাহ নিরোধ দিবস (৮) নারী নির্যাতন প্রতিরোধ পর্ব- (২৫ নভেম্বর- ৯ ডিসেম্বর) (৯) ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস ও জয়িতাদের সম্মাননা প্রদান (১০) ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলবে মহিলাদের আলোচনা ও ক্রীড়ানুষ্ঠান।